# NSW রাজ্যব্যাপী পেরিনেটাল পোস্ট-মর্টেম বা ময়নাতদন্ত পরিষেবা

NSW GOVERNMENT | Health Pathology

The Sydney children's Hospitals Network
care, advocacy, research, education

## পরিবারগুলোর জন্য একটি ব্যাখ্যা

***এই তথ্যটি ঐ সকল পরিবারের জন্য প্রস্তুত করা হয়েছে যাদের শিশু মারা গেছে বা যাদের গর্ভাবস্থায় শিশুর মৃত্যু হয়েছে।***

গর্ভাবস্থার যে কোনও পর্যায়ে বা জন্মের পরে শিশুর মৃত্যু প্রতিটি শোকাহত পিতামাতার জন্য একটি বেদনাদায়ক স্বতন্ত্র অভিজ্ঞতা। আমরা আপনার শিশু এবং আপনার পরিবারকে সর্বোত্তম সম্ভাব্য সেবা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা জানি যে এটি পরিবারগুলোর জন্য একটি খুব বেদনাদায়ক সময় এবং আমরা আশা করি এই তথ্য আপনাকে সিদ্ধান্ত নিতে সহায়তা করবে যে আপনি আপনার শিশুর জন্য পোস্ট-মর্টেম (ময়নাতদন্ত হিসাবেও পরিচিত) করতে চান কিনা।কিছু নির্দিষ্ট ক্ষেত্রে, করোনার (বা সন্দেহজনক মৃত্যুর তদন্তকারী বিচারক) জন্য একটি পোস্ট-মর্টেম করা প্রয়োজন হয়। যদি এমনটি হয় তবে আপনার সেবা প্রাদানকারীরা পরবর্তীতে কী ঘটবে তা নিয়ে আলোচনা করবে।

যখন আপনার শিশু গর্ভকালীন বা তার কিছু সময় পরে মারা যায়, তখন আপনার এই ক্ষতির কারণ নির্ধারণে সহায়তা করার জন্য আপনার অনেকগুলো পরীক্ষা করা হবে। পেরিনেটাল পোস্ট-মর্টেম পরীক্ষা এই পরীক্ষাগুলোর মধ্যে একটি।

পোস্ট-মর্টেম হল মেডিকেল বিশেষজ্ঞ দ্বারা মৃত দেহের মেডিকেল পরীক্ষা-নীরিক্ষা করা। শিশুদের পোস্ট-মর্টেম পেরিনেটাল প্যাথলজিস্টদের দ্বারা সম্পাদিত হয় যারা আপনার শিশুর সাথে মর্যাদা এবং সম্মানের সাথে আচরণ করবে।

নবজাতক শিশু গর্ভাবস্থায় বা তার অল্প সময়ের পরে কি কারনে মারা গেল তা সনাক্ত করতে এরা বিশেষজ্ঞ চিকিৎসক। NSW-এ নন-কোরোনিয়াল পোস্ট-মর্টেম পরীক্ষাগুলো তিনটি স্থানের মধ্যে একটিতে করা হয়, তা নির্ভর করে আপনার শিশুর জন্ম কথায় হয়েছে: নিউক্যাসলের জন হান্টার হাসপাতাল, রেন্ডউইকের প্রিন্স অফ ওয়েলস হাসপাতাল বা ওয়েস্টমিডের শিশু হাসপাতাল। পরীক্ষাটি রয়্যাল কলেজ অফ প্যাথলজিস্টস অফ অস্ট্রেলেশিয়ার প্রতিষ্ঠিত মানদণ্ড অনুযায়ী পরিচালিত হয়।

## কেন আমরা আপনার শিশুর জন্য একটি পোস্ট-মর্টেম প্রস্তাব করি

যদি আপনাকে আপনার শিশুর জন্য একটি পেরিনেটাল পোস্টমর্টেম প্রস্তাব করা হয়, তাহলে আপনার সেবাপ্রদানকারী পেশাদারগণ বিশ্বাস করেন যে এটি আপনার গর্ভাবস্থায় কী ঘটেছিল সে সম্পর্কে আরও তথ্য হয়ত প্রদান করবে। এমনকি যদি আপনার শিশুর মৃত্যুর একটি সুস্পষ্ট কারণ প্রতিষ্ঠিত না হয়, তাহলেও একটি পেরিনেটাল পোস্ট-মর্টেম তদন্ত প্রসবকালীন মৃত্যুর সম্ভাব্য কারণগুলোর পুনরাবৃত্তি বাতিল করতে এবং ভবিষ্যতের গর্ভধারণের পরিকল্পনায় সহায়তা করতে পারে।

বিভিন্ন ধরণের পোস্ট-মর্টেম রয়েছে এবং আপনার ডাক্তার আপনার সন্তানের জন্য সবচেয়ে উপযুক্ত পরীক্ষা কী হতে পারে তা নিয়ে আপনার সাথে আলোচনা করবেন। সমস্ত প্রসবকালীন পোস্ট-মর্টেমে, প্লাসেন্টা এবং নাভির কর্ডও পরীক্ষা করা হয়। পোস্ট-মর্টেম পরীক্ষা শুরু হওয়ার আগে আপনার শিশুর ফটো এবং এক্স-রে নেওয়া হবে।

যে বিষয়টি আপনার বুঝা গুরুত্বপূর্ণ তা হল আপনার শিশুর মত অন্যান্য শিশুদের পোস্ট-মর্টেম সম্পাদনকারীগণ হলেন পেরিনিটাল প্যাথলজিস্ট, যারা এই ক্ষেত্রে বিশেষজ্ঞ। এই চিকিৎসা বিশেষজ্ঞরা কেবল শিশুদের পোস্ট-মর্টেম করেন এবং তারা আপনার ক্ষতির গভীরতা এবং তাৎপর্য বোঝেন। প্রতিটি শিশুকে যত্ন এবং সম্মানের সাথে পরীক্ষা করা হয়, এই বিবেচনা মাথায় রেখে যে দাফন বা দাহ করার আগে আপনি হয়তো আপনার সন্তানের সাথে আরও বেশি সময় কাটাতে চান।

## বিভিন্ন ধরনের পোস্ট-মর্টেম

- **সম্পূর্ণ পোস্ট-মর্টেমের ক্ষেত্রে** পেরিনেটাল প্যাথলজিস্ট সাধারণত দুটি স্থান কেটে উন্মুক্ত করবেন, একটি শরীরের সামনের দিকে নীচে এবং অন্যটি মাথার পিছনে। এর মাধ্যমে পেরিনিটাল প্যাথলজিস্ট সমস্ত প্রধান অঙ্গগুলোর (অথবা আপনার সাথে আগে সম্মত হয়েছিল এমন অঙ্গগুলোর) অপসারণ এবং পরীক্ষা করার সুযোগ পান। এর পাশাপাশি বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষার জন্য তিনি টিস্যু এবং তরল (যেমন রক্ত) নমুনা নিতে সক্ষম হন। পরীক্ষা শেষে অঙ্গগুলোকে আবার শরীরে ঠিক আগের জায়গায় ফিরিয়ে দেয়া হয়। কিছু পরিস্থিতিতে, পেশী বা হাড়ের নমুনা প্রয়োজন হলে অন্যান্য স্থানে কাঁটার দরকার হতে পারে- এই ক্ষেত্রে আপনার ডাক্তার আপনার সাথে এটি নিয়ে আলোচনা করবেন। পোস্ট-মর্টেমের পর সমস্ত কাঁটা-ছেঁড়ার জায়গাগুলো বন্ধ করে দেওয়া হবে এবং আপনার শিশুকে পরিস্কার করা হবে এবং পোশাক পরানো হবে।

for all of us

- একটি **সীমিত পোস্ট-মর্টেম** আপনার শিশুর শরীরের কেবল একটি অংশ পরীক্ষা করে। এটি কেবলমাত্র কিছু পরিস্থিতিতে সুপারিশ করা হয় যখন আপনার এবং আপনার শিশুর যত্ন নেওয়া পেশাদারগণ আপনার সন্তানের উপর কোন বিষয়গুলো প্রভাব বিস্তার করেছিল তা সম্পর্কে কিছু ধারণা পোষণ করেন।
- একটি **বাহ্যিক পোস্ট-মর্টেমের** মধ্যে ফটোগ্রাফ, এক্স-রে, আপনার শিশুর বাহ্যিক পরীক্ষা এবং প্লাসেন্টা পরীক্ষা অন্তর্ভুক্ত রয়েছে। আপনি যদি আরও পরীক্ষার জন্য সম্মতি না দেন তবে আপনার শিশুর উপর কোনও কাঁটা-ছেঁড়া করা হবে না।

## আপনার শিশুর পোস্ট-মর্টেম করার পর

প্রসবের পরে অনেক পরিবার তাদের শিশুর সাথে সময় কাটাতে চায় এবং এটি শোক নিয়ন্ত্রণ প্রক্রিয়ার একটি ভাল পদক্ষেপ হতে পারে। অন্য যে কোন অস্ত্রোপচারের মত, যখন ডাক্তার অস্ত্রোপচার শেষ করবেন, তখন কাঁটা-ছেঁড়ার জায়গাগুলো বন্ধ করে দেয়া হবে এবং আপনার শিশুকে পরিষ্কার করা হবে এবং পোশাক পরানো হবে। অনেকক্ষেত্রে, পোশাক পরিহিত অবস্থায় আপনার বাচ্চার শরীরে অস্ত্রোপচারের চিহ্ন খুব কম দেখা যায়। পোস্ট-মর্টেমের পরে, অনেক পরিবার তাদের নবজাতকের সাথে সময় কাটাতে পছন্দ করে, হয় শেষকৃত্যের স্থানে বা কিছু ক্ষেত্রে, তাদের নিজের বাড়িতে।

## আপনার শিশুর পোস্ট-মর্টেমের ফলাফল

আপনার শিশুর পোস্ট-মর্টেম সম্পন্ন হলে, আমরা অন্ত্যেষ্টিক্রিয়া, হাসপাতালে ফিরে নিয়ে যাওয়া বা আপনার শিশুর সম্মানজনক সৎকার সম্পর্কে আপনার সিদ্ধান্তকে সম্মান করব। এই পদ্ধতিগুলো NSW জুড়ে ভিন্ন রকমের, তাই অনুগ্রহ করে আপনার পরিবারের জন্য কোনটি ভালো সে সম্পর্কে আপনার সেবা প্রদান পেশাদারের সাথে পরামর্শ করুন। আপনি আর কি কি করতে পারেন সেই সম্পর্কে পেরিনেটাল পোস্ট-মর্টেম কোঅর্ডিনেটরের সাথেও কথা বলতে পারেন। আপনার চিকিৎসকরা প্রসবপূর্ব পোস্ট-মর্টেম রিপোর্ট পাওয়ার পর, খোঁজখবর নেয়ার জন্য তারা আপনার সাথে যোগাযোগ করবেন। যেহেতু পেরিনেটাল পোস্ট-মর্টেমের সময় ব্যাপক পরীক্ষা-নিরীক্ষা করা হয়, তাই চূড়ান্ত রিপোর্ট আসতে কয়েক মাস সময় লাগতে পারে। বেশির ভাগ ক্ষেত্রে আপনার চিকিৎসকরা সাধারণত আপনার শিশুর পোস্ট-মর্টেম করার কয়েক সপ্তাহের মধ্যে একটি প্রাথমিক রিপোর্ট পাবেন।

**চিকিৎসা প্রদানকারী পেশাদারগণ এবং আপনার পরিবারের সাথে পেরিনেটাল পোস্ট-মর্টেম নিয়ে আলোচনা করার সময় আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে সেগুলো এখানে প্রদত্ত স্থানে রেকর্ড করুন।**

______________________________

______________________________

______________________________

______________________________

______________________________

## দরকারী যোগাযোগ

NSW রাজ্যব্যাপী পেরিনেটাল পোস্ট-মর্টেম ক্লিনিকাল সেবা সমন্বয়কারী: 0436 698 366

সমাজ কর্মী: ____________________

সর্বশেষ আপডেট জুন, ২০২৩